・制度的失敗のほとんどは、いずれかが他を犠牲にして支配するときに起こる。

一言でまとめるなら、現代文明へのヴィヴェーカーナンダのメッセージはこうです。「物質的繁栄を生み出しながら、人間の可能性を高めるシステムを構築せよ。」――利益が目的に優先するのではなく、効率が倫理に優先するのでもなく、良心とともにある繁栄を。

渋沢栄一が今日私たちと共にいるならば、この哲学を深く共鳴として受け取るでしょう。渋沢とヴィヴェーカーナンダは共に、人類に強力な合成をもたらします。それは、文明の魂を失わずに近代化する方法です。ヴィヴェーカーナンダの枠組みが提供するのは、（一）資本主義を弱めることなく人間化する道、（二）パフォーマンスを損なわずに目的を吹き込む道。そこでは経済システムが人間の繁栄の道具となります。



四、新たな文明的運動に向けて

最初の日本のルネサンスは封建国家を産業大国に変えました。次なるルネサンスはさらに偉大な何かを成し遂げることができるのではないでしょうか。技術的な社会を意識ある文明へと変革することを。

それは資本が人類に奉仕し、技術が尊厳を高め、労働が意味と貢献への道となる文明です。

この変革を始めるにあたって、日本にはいくつかの取り組みが必要かもしれません。個人が内なる声を表現できる新たな市民的制度の構築、文化的知性を次世代に伝える世代間コミュニティの形成、地域に根ざした都市計画、そして自己省察のためのヴェーダーンタ・センターのような空間の創出です。

これを運動として発展させるために、実践的な第一歩として以下が考えられます。（一）ヴェーダーンタ・センターがヴィヴェーカーナンダの哲学に基づく企業向けマインドフルネス・レジリエンス・プログラムを開発する。（二）日本が教育と都市生活に奉仕・省察・「デジタル隠遁」の場を組み込む。（三）インドと日本が価値観に基づく統治のための「叡智の回廊」を構築する。（四）私たち一人ひとりが、毎週月曜日の朝に問う習慣を持つ――自分の仕事は世界の調和に貢献しているか、それとも騒音を加えているか、と。

このような未来を築くために、リーダーシップそのものが進化しなければなりません。明日のリーダーたちは、能力と良心を、知性と誠実さを、野心と思いやりを兼ね備えなければなりません。

嬉しいことをご報告いたします。ヴィヴェーカーナンダの人格育成の哲学に触発され、IITカーラグプールでは「想像力研究所」を核とした指導者育成の運動を開始しました。東西の哲学的伝統を統合し、勇気・思いやり・決断力・倫理・誠実さ・精神的知性の涵養に焦点を当てたものです。

日本の企業界・経団連・諸大学・日本ヴェーダーンタ協会、そしてインド大使館と日本政府に対し、この運動を世界に広



げるご協力を心よりお願い申し上げます。今日の世界には、文明のより賢き守護者たり得る優れた指導者が必要だからです。

同じ精神において、私はここで想い起こしたいことがあります。タゴール――スワミジと同じコルカタに生まれ、アジア初のノーベル賞受賞者――は、1940年の「文明の危機」と題した講演でこう語りました。

「周囲を見渡せば、誇り高き文明の崩れた廃墟が広大な無用の山のように積み重なって見える。それでも私は、人間への信頼を失うという重大な罪を犯すつもりはない。むしろ私は、大激変が過ぎ去り、奉仕と犠牲の精神によって大気が清められた後に、人類の歴史の新たな章が開かれることを期待して前を向きたい。おそらくその夜明けは、この地平線から、太陽の昇る東の空から訪れるであろう。征服されざる人は再び、いかなる障壁をも越えて、その征服の道を遡り、失われた人間の遺産を取り戻す日が来るだろう。」

私はその光が再び昇りつつあると信じています。そしてその光は、この午後、この部屋の中に、この国に灯り始めていると信じています。

「タマソー・マー・ジョーティルガマヤ」――闇から、光へと導きたまえ。

いつの日か歴史は語るでしょう。「旭日の国」から再び、世界のための新たな光が生まれ、その地が「新たな覚醒の国」となった、と。

ご清聴ありがとうございました。

結びに

百三十三年前、シカゴの万国宗教会議に向かう途上、ヴィヴェーカーナンダは日本に立ち寄り、世界の他の誰もが見逃していたものを見ました。「旭日」はまだ人類に向けてその光を完全には放っていない、と。



【注】渋沢栄一（1840～1931年）

渋沢栄一は五百以上の企業・機関の設立に携わりましたが、それは単なる富の創出のためではなく、国家的発展と社会的結束の柱として機能させるためでした。彼は近代が今まさに再発見しつつあることを深く理解していました。経済は本質的に、金融システムである前に道徳的生態系であるという洞察です。また市民社会の充実にも多大な精力を注ぎ、繁栄する国家には啓発された市民が必要と信じ、日本女子大学の共同設立や、現在の一橋大学の前身となる日本初のビジネス・スクール創設など、女性の高等教育の先駆者としても名を残しています。

স্বামী বিবেকানন্দ

১৬৩তম জন্মজয়ন্তী ও জাপান সফরের ১৩৩তম বার্ষিকী উদ্‌যাপন

মূল প্রবন্ধ

ব্যবসা, সমাজ ও সভ্যতায় মানবাত্মার জাগরণ

পুঁজি থেকে চেতনার পথে: জাপানের পরবর্তী নবজাগরণ (?)

পার্থ এস. ঘোষ

ভারতের মাননীয়া রাষ্ট্রদূত, স্বামী মেধাসানন্দজি, সম্মানিত বক্তৃবৃন্দ, বিশিষ্ট অতিথিবৃন্দ, ভদ্রমহিলা ও ভদ্রমহোদয়গণ— আজ স্বামী বিবেকানন্দের জীবন ও বাণী নিয়ে, বিশেষত জাপানের প্রেক্ষাপটে, কিছু ভাবনা ব্যক্ত করার সুযোগ পাওয়া আমার জন্য যেমন এক বিরাট সৌভাগ্যের, তেমনি এক গভীর দায়িত্বের বিষয়।

আমরা আজ ইতিহাসের এক অসাধারণ সন্ধিক্ষণে একত্রিত হয়েছি। মানবসভ্যতা এমন এক রূপান্তরের দ্বারপ্রান্তে দাঁড়িয়ে, যার তুলনা অতীতে খুব কমই দেখা গেছে। আর এই সময়ে জাপানের আধুনিক যাত্রাপথ মানবজাতির জন্য এক গভীর শিক্ষা বহন করে— কীভাবে হিরোশিমা ও নাগাসাকির ভয়াবহ ধ্বংসযজ্ঞ সহ্য করেও একটি জাতি মর্যাদা, শৃঙ্খলা ও সম্মিলিত উদ্দেশ্যবোধ নিয়ে পুনরুত্থিত হতে পারে। সেই পুনরুত্থান কেবল অর্থনৈতিক শক্তির ফল ছিল না; তা ছিল এক গভীরতর সভ্যতালব্ধ চেতনা ও কর্মনীতির প্রকাশ।

যদি আমরা একটি সময়যানে চেপে বিগত বিশ হাজার বছরের মানবসভ্যতার পথ অতিক্রম করি, তবে দেখব— মানবজাতি কৃষিযুগ থেকে শিল্পযুগে, শিল্পযুগ থেকে তথ্যযুগে, আর এখন কৃত্রিম বুদ্ধিমত্তার যুগে প্রবেশ করেছে। অতীতে যন্ত্র মানুষের নির্দেশ পালন করত। বর্তমানে মানবসভ্যতা এমন ব্যবস্থা সৃষ্টি করেছে যা জ্ঞান, সৃজনশীলতা ও সিদ্ধান্ত অত্যন্ত দ্রুতগতিতে উৎপন্ন করতে সক্ষম। বুদ্ধিমত্তারও যন্ত্রায়ন হচ্ছে।

এবং এই বিপ্লব এমন এক সময়ে ঘটছে যখন বিশ্ব ভূ-রাজনৈতিক বিভাজন, পরিবেশগত সংকট, মানসিক উদ্বেগ এবং প্রতিষ্ঠানগুলোর প্রতি ক্রমহ্রাসমান আস্থার মধ্যে দিয়ে অতিক্রম করছে। ফলে মানবজাতির সামনে যে প্রতিকূলতা উপস্থিত, তা আর কেবল প্রযুক্তিগত বা রাজনৈতিক নয়; তা বহুমাত্রিক, তা সভ্যতালব্ধ।



ভবিষ্যৎ কেবল আরও উন্নত প্রযুক্তি নয়, আরও প্রাজ্ঞ মানুষ দাবি করবে; কেবল উদ্ভাবন নয়, বিবেকের সংযোগ দাবি করবে ; কেবল বুদ্ধিমত্তা নয়, নৈতিক স্বচ্ছতা চাইবে। আর ঠিক এই কারণেই স্বামী বিবেকানন্দ আজ এত গভীরভাবে প্রাসঙ্গিক।

যদি আমরা তাঁর জীবন গভীরভাবে অধ্যয়ন করি— বিশেষত ১৮৯৩ সালে শিকাগোর ধর্ম মহাসভায় তাঁর ঐতিহাসিক ভাষণের পূর্ব ও পরবর্তী দশক— তবে আমরা তিনটি অসাধারণ গুণ অনুভব করতে পারি:

- সত্যের সন্ধানে নির্ভীক অনুসন্ধান
- সকল সীমার উর্ধ্বে উঠে মানবসেবার সাহস
- ঈশ্বরের প্রতি অটল বিশ্বাস ও প্রতিটি মানুষের মর্যাদা

দুই ডজনেরও বেশি দেশের নেতাদের সঙ্গে চার দশক কাজ করার অভিজ্ঞতা থেকে আমি উপলব্ধি করেছি যে ক্রম অগ্রসর প্রযুক্তির এই যুগে মানবতার সবচেয়ে বড় চ্যালেঞ্জ আরও বুদ্ধিমান যন্ত্র তৈরি করা নয়, বরং আরও প্রাজ্ঞ সভ্যতা গড়ে তোলা। এই প্রেক্ষাপটে আমি স্বামী বিবেকানন্দের বাণীকে অতীতের আধ্যাত্মিক প্রতিফলন হিসেবে দেখি না; বরং সভ্যতার ভবিষ্যতের জন্য অপরিহার্য কৌশলগত নীতির পাঠ হিসেবে দেখি।

আজ আমি চারটি বিষয় নিয়ে আলোচনা করতে চাই:

প্রথমত, আজকের সভ্যতার সংকট বিশ্লেষণ।

দ্বিতীয়ত, কেন জাপান সভ্যতার জাগরণে আগামীর পথপ্রদর্শক হতে পারে।

তৃতীয়ত, স্বামী বিবেকানন্দের বাণীর চিরন্তন প্রাসঙ্গিকতা।

এবং সর্বশেষে, কীভাবে আমরা আরও প্রাজ্ঞ ও সহানুভূতিশীল বিশ্বের জন্য এক বিশ্বআন্দোলন গড়ে তুলতে পারি।



১. আমাদের সময়ের সংকট

অতীতে বিশ্ব প্রযুক্তিগতভাবে বিপুল অগ্রসর ছিল না— অথচ মানসিক অস্থিরতাও সীমাহীন ছিল না।

আজ আমরা গভীর বৈপরীত্যের মধ্যে বাস করছি:

- তথ্য সহজলভ্য তুলনায় গভীর চিন্তার আকাল
- ডিজিটাল সংযোগ বেশি, কিন্তু মানসিক একাকীত্ব বেশি
- সম্পদ বৃদ্ধি পাচ্ছে, কিন্তু বৈষম্যও বিস্তৃত হচ্ছে
- প্রযুক্তিগত শক্তি বিস্ময়কর, কিন্তু পরিবেশগত ধ্বংসও ত্বরান্বিত
- গণতন্ত্র বিস্তৃত হচ্ছে, কিন্তু গণতন্ত্রে আস্থা কমছে

প্রযুক্তি ক্ষমতাকে কেন্দ্রীভূত করছে। রাজনৈতিক, কর্পোরেট, এমনকি শিক্ষাপ্রতিষ্ঠানও নৈতিক বৈধতা হারাচ্ছে। মানবসভ্যতা আজ এক গভীর সঙ্কটবিন্দুতে দাঁড়িয়ে।

আর এই অস্থিরতার মধ্যেই জাপান এক নীরব বৈপরীত্যের প্রতীক— অসাধারণ শৃঙ্খলা, প্রযুক্তিগত উৎকর্ষ, কারুশিল্প ও সামাজিক সম্প্রীতির এক জাতি; যে বিশ্বকে জেন, হাইকু, চা পান -অনুষ্ঠান এবং সৌন্দর্য, নির্ভুলতা ও শৃঙ্খলার এক সংস্কৃতি উপহার দিয়েছে— অথচ

একইসঙ্গে অর্থনৈতিক স্থবিরতা, নিঃসঙ্গতা, মানসিক ক্লান্তি, জন্মহার হ্রাস, সামাজিক বিচ্ছিন্নতা এবং সম্মিলিত উদ্দেশ্যবোধের সূক্ষ্ম ক্ষয়ের মুখোমুখি।

দুঃখজনকভাবে, প্রতি বছর জাপানে হাজার হাজার মানুষ আত্মহত্যা এবং অতিরিক্ত কর্মচাপজনিত মৃত্যুর— কারোশি ও কারোজিসাতসু— শিকার হন। বিপুল সংখ্যক তরুণ-তরুণী নিঃসঙ্গতা, উদ্বেগ ও হতাশার সঙ্গে সংগ্রাম করছে। ২০২৪ সালে ৫২৯ জন জাপানি স্কুলশিক্ষার্থী আত্মহত্যা করেছে। যখন একটি শিক্ষাব্যবস্থা শিশুদের কেবল প্রতিযোগিতা, কর্মদক্ষতা ও অনুকরণের জন্য প্রস্তুত করে, কিন্তু তাদের প্রকৃত সত্তাকে আবিষ্কার করতে সাহায্য করে না— তখন এই ধরনের বিপর্যয় ঘটতে পারে। ফলস্বরূপ, অনেকেই ধীরে ধীরে অন্তর্গত সচেতনতা ও বাহ্যিক সাফল্যের মধ্যে ভারসাম্য হারিয়ে ফেলে।

প্রাতিষ্ঠানিক স্তরেও, তোশিবা, অলিম্পাস, মিতসুবিশি-সহ একাধিক খ্যাতনামা কর্পোরেশন এমন কেলেঙ্কারিতে জড়িয়ে পড়েছে যেখানে কখনও কখনও বিবেকের চেয়ে উচ্চপদের প্রতি আনুগত্য বেশি জরুরী হয়ে উঠেছিল— যেখানে অনুকরণ ও নীরবতা কার্যনির্বাহী অধিকর্তাদের উপর মানসিক চাপ সৃষ্টি করেছিল।

তাই আমি মনে করি, আজ বহু জাপানি নেতা বাস্তববোধ, উদ্বেগ এবং নীরব দৃঢ়তার এক মিশ্র অনুভূতি বহন করছেন। বাস্তববদের কারণ — কারণ প্রতিকূলতাকে অস্বীকার করার উপায় নেই: বরিষ্ঠ নাগরিক সংখ্যা, সংকুচিত কর্মশক্তি, ধীরগতির উদ্ভাবন, এবং দ্রুতগতির অর্থনীতিগুলোর প্রতিযোগিতা। উদ্বেগের কারণ — কারণ জাপান একসময় উৎপাদন, ব্যবস্থাপনা ও শিল্প উৎকর্ষতার বিশ্বমডেল ছিল, আর সেই আত্মবিশ্বাস কিছুটা দুর্বল হয়েছে। কিন্তু এর গভীরে এখনো রয়েছে এক বিশাল শক্তির ভাণ্ডার— সামাজিক সংহতি, প্রযুক্তিগত দক্ষতা, সাংস্কৃতিক গভীরতা এবং সভ্যতার দীর্ঘ স্মৃতি।

এটি উপলব্ধি করা জরুরি যে জাপানের উত্থান কেবল নীতি বা পুঁজির উপর নির্ভর ছিল না। এর শিল্পোন্নয়নের পেছনে ছিল এক নৈতিক ভিত্তি, যার অন্যতম নির্মাতা ছিলেন এইইচি শিবুসাওয়া এবং তাঁর "গাপ্পন ক্যাপিটালিজম" দর্শন— যেখানে নৈতিকতা ও ব্যবসা একসূত্রে গাঁথা। জাপানি ব্যবসা কেবল মুনাফার জন্য পরিচালিত হয়নি; বরং শৃঙ্খলা, কারুশিল্প, সামাজিক কর্তব্য ও জাতি-গঠনের চেতনা দ্বারা পরিচালিত হয়েছে।

তাহলে গত পঁয়ত্রিশ বছরে কী পরিবর্তন ঘটল?

জাপানের দক্ষতা প্রশ্নাতীত ভাবে উন্নত অথচ, সময়ের সঙ্গে দুর্বল হয়ে পড়েছিল তার জীবন দর্শন, যা নতুন যুগের সঙ্গে যথেষ্ট নব্যকরণ হতে পারেনি। স্থিতিশীলতা কখনও দ্বিধায় পর্যবসিত হয়েছে। আনুগত্য কখনও অনমনীয়তায় রূপ নিয়েছে। কর্মপ্রক্রিয়া কখনও দৃষ্টিভঙ্গি ও বাস্তবতাকে উপেক্ষার সঙ্গে ছাপিয়ে গেছে, এবং মুনাফা ক্রমশ নৈতিক উদ্দেশ্য থেকে বিচ্ছিন্ন হয়েছে।

অতএব, সমগ্র বিশ্ব ও জাপানি উভয় দৃষ্টিকোণ থেকেই আজকের মূল প্রশ্নটি কেবল অর্থনৈতিক, রাজনৈতিক বা প্রযুক্তিগত নয়; তা গভীরভাবে মানবিক ও আধ্যাত্মিক:

কোনো সভ্যতা কি টিকে থাকতে পারে যদি তা প্রযুক্তিগত ও অর্থনৈতিকভাবে অগ্রসর হয়, কিন্তু ধীরে ধীরে মানবাত্মার অন্তর্নিহিত ঈশ্বরত্ব, মর্যাদা ও পবিত্রতার প্রতি শ্রদ্ধাবোধ হারিয়ে ফেলে?

অথবা— কোনো সভ্যতা কি বাহ্যিকভাবে শক্তিশালী থেকে অভ্যন্তরীণভাবে দুর্বল হয়ে পড়তে পারে?



২. কেন জাপান একটি নতুন নবজাগরণের নেতৃত্ব দিতে পারে

এই প্রশ্নের প্রেক্ষিতে আমি বিশ্বাস করি, জাপান ভবিষ্যৎ সভ্যতাগত নবনির্মাণের অন্যতম প্রধান পরীক্ষাগার হয়ে উঠতে পারে।

১৮৯৩ সালে শিকাগো যাওয়ার পথে স্বামী বিবেকানন্দ যখন জাপান সফর করেন, তিনি গভীরভাবে মুগ্ধ হয়েছিলেন। তিনি দেখেছিলেন— একটি সভ্যতা আধুনিক, কিন্তু সম্পূর্ণভাবে তার সাংস্কৃতিক শিকড় থেকে বিচ্ছিন্ন হচ্ছে না।

তিনি লিখেছিলেন: "তারা কথা কম বলে, কাজ বেশি করে।" এবং তিনি ভারতীয় যুবকদের জাপান থেকে শিক্ষা নিতে আহ্বান করেছিলেন। কেন? কারণ জাপান এমন এক বিরল সমন্বয় আবিষ্কার করেছিল— আধুনিকতা ও সাংস্কৃতিক গভীরতার মিলন।

এরপর তিনি বলেছিলেন, "আমি চাই, প্রতি বছর আমাদের দেশের বহু তরুণ জাপান সফরে যাক।" তিনি ভারতীয়দের আহ্বান জানিয়েছিলেন জাপানের কাছ থেকে শিক্ষা নিতে—ব্রিটেনের কাছ থেকে নয়, আমেরিকার কাছ থেকেও নয়, বরং জাপানের কাছ থেকে। কারণ তাঁর বিশ্বাস ছিল, জাপান এমন এক সমস্যার সমাধান করতে পেরেছে, যার সমাধান ভারত তখনও খুঁজে পায়নি: কীভাবে সম্মিলিত কর্মশক্তির উদ্দীপনাকে একটি প্রাচীন আধ্যাত্মিক ঐতিহ্যের গভীরতার সঙ্গে সার্থকভাবে যুক্ত করা যায়।

এখানে সেই সময়ের ঐতিহাসিক প্রেক্ষাপটটি স্মরণ রাখা অত্যন্ত জরুরি। জাপান তখন মেইজি পুনর্গঠনের মধ্য দিয়ে অগ্রসর হচ্ছিল— মানবসভ্যতার ইতিহাসে অন্যতম বিস্ময়কর রূপান্তরের যুগ। মাত্র কয়েক দশকের মধ্যেই একটি সামন্ততান্ত্রিক সমাজ শক্তিশালী শিল্পোন্নত রাষ্ট্রে পরিণত হয়েছিল। কিন্তু এই আধুনিকীকরণের প্রেরণা কেবল অর্থনৈতিক উচ্চাকাঙ্ক্ষা ছিল না; এর ভিত নির্মিত হয়েছিল এক সুদৃঢ় নৈতিক দর্শনের ওপর, যার রূপকার ছিলেন শিবুসাওয়া এইইচির মতো দূরদর্শী নেতারা—যাঁকে প্রায়ই জাপানি পুঁজিবাদের জনক বলা হয়।

মেইজি পুনর্গঠন তাই নিছক একটি শিল্পবিপ্লব বা অর্থনৈতিক রূপান্তর ছিল না; এটি ছিল একই সঙ্গে একটি নৈতিক ও সভ্যতাগত নবজাগরণের প্রকল্প।

আর এর কেন্দ্রে ছিল শিবুসাওয়ার দর্শন:

- মুনাফি অবশ্যই উদ্দেশ্য সাধন করবে
- ব্যবসা অবশ্যই সমাজ কল্যাণ করবে
- নেতৃত্ব অবশ্যই নৈতিক দায়িত্বের উপর প্রতিষ্ঠিত হবে

আমি বিশ্বাস করি, এই "শিবুসাওয়া-চেতনা"ই হিরোশিমা, নাগাসাকি এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের ধ্বংসস্তূপ থেকে জাপানকে পুনরুত্থিত হতে সাহায্য করেছিল।জাপানের পুনর্গঠন কেবল পাশ্চাত্য মডেলের উপর নির্ভর করেনি; তা গড়ে উঠেছিল শৃঙ্খলা, ত্যাগ, কারুশিল্প, কর্মের মর্যাদা এবং সম্মিলিত উদ্দেশ্য বোধের উপর ভিত্তি করে।

কিন্তু আজ, দীর্ঘ আত্মসমালোচনা ও স্থবিরতার পর, জাপান এক নতুন চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে — কাঠামো পুনর্নির্মাণ নয়, বরং অন্তরের আত্মবিশ্বাস পুনর্জাগরণ।

সম্ভবত মেইজি যুগে আধুনিক অর্থনৈতিক জীবন গড়ে তোলা এবং পরবর্তীতে দ্বিতীয় বিশ্বযুদ্ধের ধ্বংসের পর জাতিকে পুনর্গঠনের অসাধারণ জাতীয় প্রচেষ্টার ফলে জাপানি সমাজ ধীরে ধীরে গভীরতর আধ্যাত্মিক সুস্থতার সঙ্গে সংযোগ হারিয়ে ফেলেছিল, যার ফলে সৃষ্টি হয় এক অন্তরের শূন্যতা।

ফলে আজ যা দুর্বল বলে মনে হয়, তা জাপানের সক্ষমতা নয়; বরং তার সভ্যতালব্ধ আত্মবিশ্বাস— সেই অন্তরের শক্তি বা "শক্তি", যার কথা স্বামী বিবেকানন্দ এত শক্তিশালীভাবে বলেছিলেন।

আমাদের স্বীকার করতে হবে, জাপানের এখনো অসংখ্য শক্তি রয়েছে: বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান, প্রযুক্তিগত উৎকর্ষ, সামাজিক সংহতি, এবং মনোজুকুরি— ধৈর্য ও উৎকর্ষতার উপর প্রতিষ্ঠিত কারুশিল্পের চেতনা। জাপান পূর্ব ও পশ্চিমের মধ্যে এক বিরল সেতুবন্ধনও সৃষ্টি করেছে: পশ্চিমের সাংগঠনিক শৃঙ্খলা এবং প্রাচ্যের দার্শনিক গভীরতার সমন্বয়।

আর এই কারণেই জাপান গুরুত্বপূর্ণ— এবং "সভ্যতাগত নবায়নের পরীক্ষাগার" হয়ে উঠতে পারে।

প্রকৃতপক্ষে, জাপানের কাছে ইতিমধ্যেই পুনর্নবীকরণ এর জন্য প্রয়োজনীয় বহু উপাদান রয়েছে: শৃঙ্খলা, বিনয়, সামাজিক শৃঙ্খলা, প্রযুক্তিগত উৎকর্ষ, পরিবেশ-সচেতনতা এবং নান্দনিক বুদ্ধিমত্তা।

কিন্তু এই উপাদানগুলোর সঙ্গে পুনরায় যুক্ত হতে হবে অন্তরের বিকাশ, নৈতিক উদ্দেশ্য, আবেগ ও প্রাণশক্তি এবং সভ্যতালব্ধ আত্মবিশ্বাসকে— যা শেষ পর্যন্ত মানুষের অন্তরের পরিতৃপ্তি নিশ্চিত করবে।

আর এখানেই স্বামী বিবেকানন্দের গুরুত্ব— বিশ্ব সভ্যতার আগামী অধ্যায় নির্মাণে তাঁর বাণী অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

৩. ভবিষ্যতের জন্য স্বামী বিবেকানন্দের প্রাসঙ্গিকতা

স্বামী বিবেকানন্দ মানবজাতিকে এক অসাধারণ আধুনিক ধারণা দিয়েছিলেন— শক্তি, নৈতিকতা, সেবা ও মানবমর্যাদার সমন্বিত এক কাঠামো।

তিনি ঘোষণা করেছিলেন:

"প্রত্যেক আত্মাই দিব্য সম্ভবনাময়।"

এই একটিমাত্র ধারণাই শিক্ষা, নেতৃত্ব, ব্যবসা এবং সভ্যতা সম্পর্কে আমাদের চিন্তাধারাকে বদলে দেয়।

তাহলে "দিব্য" বলতে কী বোঝায়?

এটি আমাদের আত্মার সেই গভীর চেতনা যা শান্তি, প্রজ্ঞা, সাহস, স্বাধীনতা ও আনন্দের অবিনশ্বর উৎস। আধ্যাত্মিক সুস্থতা হল এই অন্তরের বাস্তবতার উপলব্ধি, যা আমাদের জীবনের প্রতিকূলতার মধ্যেও ভারসাম্য রক্ষা করতে এবং পরিশেষে সত্যিকারের পরিতৃপ্তি খুঁজে পেতে সাহায্য করে।

তিনি বলেছিলেন, সভ্যতার সবচেয়ে বড় বিপদ কোনো অশুভশক্তি নয় বরং দুর্বলতা।

অন্যায়ের সামনে নীরব থাকার দুর্বলতা।

নৈতিক সাহস হারানোর দুর্বলতা।

নিজেদের গভীর মানবিক সত্তাকে ভুলে যাওয়ার দুর্বলতা।

তাঁর দর্শন আজকের কর্পোরেট ও প্রাতিষ্ঠানিক জগতের জন্য গভীর তাৎপর্য বহন করে। নিকোলা টেসলার মতো বিজ্ঞানী, জন ডি. রকফেলারের মতো শিল্পপতি, ওকাকুরা কাকুজোর মতো দার্শনিকদের সঙ্গে তাঁর সংলাপ, তাঁর ভাষণ, চিঠি ও লেখনী থেকে আমি নেতৃত্ব, সংগঠন ও মূল্যবোধের দশটি স্থায়ী নীতি উপলব্ধি করেছি— যা আজকের কর্পোরেট যুগে অত্যন্ত প্রাসঙ্গিক।

১. কর্ম একটি নৈতিক শক্তি—শুধু অর্থনৈতিক কার্যকলাপ নয়

স্বামী বিবেকানন্দ কর্মকে রূপ দিয়েছিলেন কর্মযোগে—যা উদ্দেশ্যপূর্ণ জীবন ও আত্মোপলব্ধির একটি পথ। অতএব, ব্যবসা কেবল মুনাফা অর্জনের বিষয় নয়; মানবসমাজের অগ্রগতিতে অবদান রাখাও তার মৌলিক দায়িত্ব।

যেসব প্রতিষ্ঠান নিজেদের শুধু বাজারের অংশগ্রহণকারী হিসেবে নয়, বরং সমাজের দায়িত্বশীল প্রতিষ্ঠান হিসেবে দেখে, তারা অধিকতর গ্রহণযোগ্যতা, বিশ্বাসযোগ্যতা ও দীর্ঘস্থায়িত্ব অর্জন করে—যা শিবুসাওয়ার দর্শনের সঙ্গেও গভীরভাবে সামঞ্জস্যপূর্ণ।

- মুনাফা হবে সমাজের জন্য অর্থবহ অবদানের স্বাভাবিক ফল— একমাত্র উদ্দেশ্য নয়।

২. মানবিক বিকাশই সর্বোচ্চ অগ্রাধিকার

স্বামী বিবেকানন্দ বারবার বলেছিলেন, "আমরা সেই শিক্ষা চাই, যার দ্বারা চরিত্র গঠিত হয়।"

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, কোনো প্রতিষ্ঠানের চূড়ান্ত ভূমিকা কেবল পণ্য বা পরিষেবা উৎপাদনের মধ্যে সীমাবদ্ধ নয়; বরং নৈতিক, দৃঢ়চেতা, সৃজনশীল এবং দায়িত্বশীল মানুষ গড়ে তোলাও তার কর্তব্য।

জেনারেটিভ এআই বা GenAI-এর যুগে কল্পনাশক্তি, অন্তর্দৃষ্টি ও বিবেকের বিকাশ আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠবে। এর জন্য আমাদের মস্তিষ্কের সৃজনশীল দিক এবং অন্তর্গত চেতনার মধ্যে আরও গভীর ও কার্যকর সংযোগ প্রতিষ্ঠা প্রয়োজন।

- শ্রেষ্ঠ প্রতিষ্ঠানগুলো প্রতিভার শুধু ভোক্তা নয়; তারা প্রতিভার বিকাশ করে।

৩. "সিংহের মানসিকতা"—শক্তি, নির্ভীকতা ও সহনশীলতা

স্বামী বিবেকানন্দ বিশ্বাস করতেন, দুর্বলতাই অবক্ষয়ের মূল কারণ।

নিজের সমস্যা-সমাধানের অভিজ্ঞতা থেকে আমি উপলব্ধি করেছি, উদ্ভাবনের জন্য প্রয়োজন প্রচলিত সীমার বাইরে সম্ভাবনাকে দেখার সাহস, বাঁধাধরা চিন্তার বাইরে যাওয়ার ক্ষমতা, প্রতিকূলতার মুখে অটল থাকার মানসিক দৃঢ়তা এবং অন্ধ অনুকরণ ও সামাজিক গতানুগতিকতার প্রতিদ্বন্দ্বিতা করার ইচ্ছা।

প্রকৃতপক্ষে, মহান প্রতিষ্ঠানগুলো ব্যক্তিগত উদ্যোগকে উৎসাহিত করে, ব্যর্থতাকে শিক্ষায় রূপান্তরিত করে এবং বিপর্যয় ও সংকটের সময়ে মানুষের মধ্যে "ইস্পাতকঠিন স্নায়ু" ও অদম্য মানসিক শক্তি গড়ে তোলে।

- উদ্ভাবনের জন্য মানসিক ও নৈতিক—উভয় ধরনের সাহস প্রয়োজন।

৪. সেবাই নেতৃত্বের ভিত্তি

স্বামীজির দরিদ্রনারায়ণ ভাবনা—মানুষের মধ্যে ঈশ্বরকে দেখে তাঁর সেবা করা—সেবাকে একটি পবিত্র কর্তব্যে উন্নীত করেছিল।

নেতৃত্ব মানে কর্তৃত্ব নয়; নেতৃত্ব মানে কর্মী, গ্রাহক, সমাজ এবং

ভবিষ্যৎ প্রজন্মের প্রতি দায়িত্বশীলতা।

- যে প্রতিষ্ঠান গভীরভাবে সেবা করে, সেটিই স্থায়ী হয়; শুধু দক্ষতার সঙ্গে দ্রব্য বিক্রি করলেই কোনো প্রতিষ্ঠান মহৎ হয়ে ওঠে না।

৫. অন্তর্গত ও বাহ্যিক উৎকর্ষের সমন্বয়

স্বামী বিবেকানন্দ বস্তুগত সাফল্য ও আধ্যাত্মিক গভীরতার মধ্যে কোনো বিরোধ দেখেননি; তিনি বিরোধ দেখেছিলেন কেবল ভারসাম্যহীনতায়।

যখন প্রবৃদ্ধি ও দক্ষতা মূল্যবোধ, উদ্দেশ্য এবং নৈতিক ভিত্তির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয়, তখনই টেকসই সাফল্য সম্ভব হয়।

- অন্তরের দৃঢ় ভিত্তি ছাড়া বাহ্যিক সাফল্য ভঙ্গুর হয়ে পড়ে।

৬. বিশ্বজনীনতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা

বৈচিত্র্য কর্পোরেট জগতের জনপ্রিয় স্লোগানে পরিণত হওয়ার বহু আগেই স্বামী বিবেকানন্দ সকল মত, পথ ও বিশ্বাসের মধ্যে সমন্বয়ের কথা বলেছিলেন।

বৈচিত্র্য কেবল কোনো সংখ্যা পূরণ বা আনুষ্ঠানিক প্রতিনিধিত্বের বিষয় নয়; এটি সৃজনশীলতা, সহনশীলতা ও শক্তির উৎস।

- বৈচিত্র্য একই সঙ্গে একটি কৌশলগত সুবিধা এবং নৈতিক সম্পদ।

৭. আত্মবিশ্বাস ও নিজস্ব শক্তির পুনরাবিষ্কার

স্বামী বিবেকানন্দ সমাজকে অন্যদের অন্ধভাবে অনুকরণ না করে নিজেদের অন্তর্নিহিত শক্তিকে পুনরাবিষ্কার করার আহ্বান জানিয়েছিলেন।

একইভাবে, প্রতিষ্ঠানগুলোকেও প্রতিটি নতুন সম্ভবনার পেছনে ছুটে নিজস্ব পরিচয় হারানো উচিত নয়। বরং তাদের নিজস্ব ঐতিহ্য, দক্ষতা, মূল্যবোধ ও স্বাতন্ত্র্যের ওপর ভিত্তি করে এগিয়ে যেতে হবে।

- দীর্ঘমেয়াদে অনুকরণের চেয়ে স্বকীয়তাই অধিক সফল হয়।

৮. বিকেন্দ্রীকরণ ও মানুষের প্রতি আস্থা

স্বামী বিবেকানন্দ বিশ্বাস করতেন, প্রত্যেক মানুষের মধ্যেই অপরিসীম সম্ভাবনা নিহিত রয়েছে।

উচ্চক্ষমতাসম্পন্ন প্রতিষ্ঠানগুলো দলকে ক্ষমতায়িত করে, অতিরিক্ত স্তরবিন্যাস ও নিয়ন্ত্রণ কমায় এবং দায়িত্ববোধ, মালিকানাবোধ ও পারস্পরিক আস্থার সংস্কৃতি গড়ে তোলে।

- আস্থাভিত্তিক প্রতিষ্ঠান নিয়ন্ত্রণনির্ভর প্রতিষ্ঠানের তুলনায় অধিকতর সফল হয়।



৯. স্বল্পমেয়াদি লাভের পরিবর্তে দীর্ঘমেয়াদি দৃষ্টিভঙ্গি

স্বামী বিবেকানন্দ ত্রৈমাসিক ফলাফলের সীমায় নয়, সভ্যতার দীর্ঘ সময়সীমায় চিন্তা করতেন।

স্থায়ী প্রতিষ্ঠানগুলো মানুষ, পরিবেশ, টেকসই উন্নয়ন এবং দীর্ঘমেয়াদি মূল্য সৃষ্টিতে বিনিয়োগ করে।

- মহান প্রতিষ্ঠান কয়েকটি ত্রৈমাসিকে নয়, কয়েক দশকের সাধনায় নির্মিত হয়।

১০. অন্তর্গত চেতনার সঙ্গে মস্তিষ্ক, হৃদয় ও হাতের সমন্বয়

স্বামী বিবেকানন্দ বুদ্ধি, সহমর্মিতা ও কর্মের সমন্বয়ের ওপর বিশেষ গুরুত্ব দিয়েছিলেন।

বিভিন্ন দেশে কাজ ও পর্যবেক্ষণের অভিজ্ঞতা থেকে আমি দেখেছি, মহান প্রতিষ্ঠানগুলো তিনটি শক্তির মধ্যে ভারসাম্য স্থাপন করে—

১. মস্তিষ্ক বা Head—কৌশল, বিশ্লেষণ ও যুক্তিবোধ

২. হৃদয় বা Heart—সহমর্মিতা, মূল্যবোধ ও সাংগঠনিক সংস্কৃতি

৩. হাত বা Hand—দক্ষ বাস্তবায়ন ও কর্মসম্পাদনের উৎকর্ষ

এই তিনটিকেই আবার অন্তর্গত চেতনা ও গভীর নৈতিক উপলব্ধির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হয়।

- অধিকাংশ প্রাতিষ্ঠানিক ব্যর্থতা ঘটে তখনই, যখন এই তিনটির মধ্যে একটি অন্যগুলোকে ছাপিয়ে যায় এবং তারা অন্তর্গত চেতনার সঙ্গে সামঞ্জস্য হারায়।

একটি বাক্যে আধুনিক সভ্যতার প্রতি স্বামী বিবেকানন্দের বার্তা হলো—

"এমন ব্যবস্থা গড়ে তোলো, যা বস্তুগত সমৃদ্ধি সৃষ্টি করার পাশাপাশি মানুষের অন্তর্নিহিত সম্ভাবনাকেও উন্নীত করে।"

অর্থাৎ—

উদ্দেশ্যের উর্ধ্বে মুনাফা নয়,

নৈতিকতার উর্ধ্বে দক্ষতা নয়,

বরং বিবেকসম্পন্ন সমৃদ্ধি।

শিবুসাওয়া-সান আজ আমাদের মধ্যে উপস্থিত থাকলে, আমার বিশ্বাস, তিনি এই দর্শনকে গভীরভাবে উপলব্ধি ও স্বীকৃতি দিতেন।

শিবুসাওয়া এবং স্বামী বিবেকানন্দ সম্মিলিতভাবে মানবজাতির সামনে একটি শক্তিশালী সমন্বিত দর্শন উপস্থাপন করেন—কীভাবে সভ্যতার আত্মাকে বিসর্জন না দিয়েও আধুনিক হওয়া যায়।

সম্ভবত শিবুসাওয়া-সানও আমাদের সঙ্গে একমত হতেন যে, স্বামী বিবেকানন্দের কাঠামো আমাদের এমন দুটি বিরল পথ দেখায়—

১. পুঁজিবাদকে দুর্বল না করেও কীভাবে তাকে মানবিক করা যায়।

২. কর্মদক্ষতা ও সাফল্য নষ্ট না করেও কীভাবে তার মধ্যে বৃহত্তর উদ্দেশ্য সঞ্চার করা যায়।

আমার দৃঢ় বিশ্বাস, আমাদের এমন একটি পরিপূর্ণ কাঠামো নির্মাণ করতে হবে, যেখানে অর্থনৈতিক ব্যবস্থা মানুষের সার্বিক বিকাশের উপকরণে পরিণত হবে—শারীরিক, বৌদ্ধিক, আধ্যাত্মিক, নৈতিক, মূল্যবোধগত এবং আবেগগত বিকাশ—সবকিছু একসঙ্গে, পরস্পরের সঙ্গে পূর্ণ সামঞ্জস্যে।

৪. এক নতুন সভ্যতাগত আন্দোলনের পথে

জাপানের প্রথম নবজাগরণ একটি সামন্ততান্ত্রিক জাতিকে শিল্পশক্তিতে রূপান্তরিত করেছিল। কিন্তু জাপানের পরবর্তী নবজাগরণ কি তার চেয়েও মহত্তর কিছু অর্জন করতে পারে—একটি প্রযুক্তিনির্ভর সমাজকে কি সচেতন ও আত্মজাগ্রত সভ্যতায় রূপান্তরিত করতে পারে?

এমন এক সভ্যতা, যেখানে—

১. পুঁজি মানবতার সেবা করবে,

২. প্রযুক্তি মানুষের মর্যাদাকে সমুন্নত করবে, এবং

৩. কর্ম হয়ে উঠবে জীবনের অর্থ সন্ধান ও সমাজে অবদান রাখার পথ।

এর ফলে জেন-চেতনা, সন্ন্যাসীসুলভ সংযম ও অর্থনৈতিক কর্মকাণ্ড পরস্পরের সঙ্গে নিখুঁত সুরে পরিচালিত হবে।

এই রূপান্তরের সূচনা করতে হলে জাপানের প্রয়োজন হতে পারে—কয়েকটি উদাহরণ উল্লেখ করলে—

- এমন নতুন নাগরিক প্রতিষ্ঠান, যেখানে মানুষ নিজের অন্তর্গত অনুভূতি ও গভীরতম ভাবনাগুলো প্রকাশ করার সুযোগ পাবে;
- এমন আন্তঃপ্রজন্মীয় সম্প্রদায়, যা একটি জাতির সঞ্চিত সাংস্কৃতিক প্রজ্ঞা ও জীবনবোধকে সংরক্ষণ ও পরবর্তী প্রজন্মের কাছে পৌঁছে দেবে;
- সমাজ ও সম্প্রদায়কেন্দ্রিক নগর-পরিকল্পনা;
- এবং বেদান্ত কেন্দ্রের মতো আত্ম-অনুসন্ধান ও আত্মমননের স্থান।

আমরা যদি এই ভাবনাকে একটি বৃহত্তর আন্দোলনে পরিণত করতে চাই, তবে প্রথম পদক্ষেপগুলোকে একই সঙ্গে বাস্তবসম্মত ও রূপান্তরমূলক হতে হবে।

প্রথমত, স্বামী বিবেকানন্দের দর্শনের ভিত্তিতে বেদান্ত কেন্দ্র কর্পোরেট প্রতিষ্ঠানগুলোর জন্য মননশীলতা, মানসিক দৃঢ়তা ও প্রতিকূলতা মোকাবিলার সক্ষমতা বৃদ্ধির বিশেষ প্রশিক্ষণ-পাঠক্রম তৈরি করতে পারে।

দ্বিতীয়ত, জাপান তার শিক্ষা ও নগরজীবনের মধ্যে সেবা, আত্মমনন এবং "ডিজিটাল নির্জনাশ্রম" বা Digital Hermitage-এর মতো পরিসর অন্তর্ভুক্ত করতে পারে। এগুলো হবে এমন স্থান, যেখানে মানুষ কিছু সময়ের জন্য অতিসংযুক্ত ডিজিটাল জীবনের অবিরাম চাপ থেকে নিজেকে বিচ্ছিন্ন করতে পারবে; আত্মপর্যালোচনায় নিমগ্ন

হবে; মননশীলতা চর্চা করবে; এবং জীবনের গভীরতর উদ্দেশ্য ও মানুষের সঙ্গে প্রকৃত সংযোগকে পুনরাবিষ্কার করবে।

তৃতীয়ত, ভারত ও জাপান মূল্যবোধভিত্তিক শাসনব্যবস্থাকে কেন্দ্র করে একটি "প্রজ্ঞা করিডর" অথবা "আধ্যাত্মিকতা করিডর" নির্মাণ করতে পারে।

চতুর্থত, আমরা প্রত্যেকেই একটি সহজ ব্যক্তিগত অনুশাসন দিয়ে শুরু করতে পারি—প্রতি সোমবার সকালে কিছুক্ষণের জন্য থেমে নিজেকে প্রশ্ন করা:

আমার কাজ কি পৃথিবীর সামগ্রিক সুর ও সামঞ্জস্যকে বৃদ্ধি করছে, নাকি কেবল তার কোলাহলকে আরও বাড়িয়ে তুলছে?

এমন একটি ভবিষ্যৎ নির্মাণের জন্য নেতৃত্বের ধারণাকেও বিবর্তিত হতে হবে। আগামী দিনের নেতাদের কর্মদক্ষতার সঙ্গে বিবেক, বুদ্ধিমত্তার সঙ্গে সততা এবং উচ্চাকাঙ্ক্ষার সঙ্গে সহমর্মিতার সমন্বয় ঘটাতে হবে।

আমি অত্যন্ত আনন্দের সঙ্গে জানাতে চাই যে, আইআইটি খড়্গপুরের স্কুল অব লিডারশিপ, যার প্রাণকেন্দ্রে রয়েছে ইমাজিনেশন ল্যাব, একটি নতুন নেতৃত্ব-আন্দোলনের সূচনা করেছে। এই উদ্যোগ অনুপ্রাণিত হয়েছে একদিকে স্বামী বিবেকানন্দের চরিত্রগঠনের দর্শন থেকে এবং অন্যদিকে প্রেসিডেন্ট জন এফ. কেনেডির সেই আহ্বান থেকে—এমন সাহস গড়ে তোলা, যা একই সঙ্গে মানবপ্রকৃতি এবং আমরা যে বিশ্বে বাস করি, উভয়কেই আলোকিত করতে পারে।

প্রাচ্য ও পাশ্চাত্যের দার্শনিক ঐতিহ্যের প্রজ্ঞাকে সমন্বিত করে এই উদ্যোগ এমন এক নতুন প্রজন্মের নেতা গড়ে তুলতে চায়, যাঁরা কেবল জ্ঞান ও দক্ষতা দ্বারা পরিচালিত হবেন না; তাঁদের পথনির্দেশ করবে সাহস, সহমর্মিতা, সিদ্ধান্ত গ্রহণের দৃঢ়তা, নৈতিকতা, সততা এবং আধ্যাত্মিক প্রজ্ঞা।

অভূতপূর্ব প্রযুক্তিগত ও সামাজিক পরিবর্তনের এই যুগে আরও মানবিক, ন্যায়সংগত এবং টেকসই ভবিষ্যৎ গড়ে তুলতে এই চিরন্তন গুণগুলো অপরিহার্য হয়ে উঠবে।

এই আন্দোলনকে বিশ্বব্যাপী সম্প্রসারিত করার কাজে সহযোগিতার জন্য আমি জাপানের কর্পোরেট প্রতিষ্ঠানসমূহ, কেইদানরেন, বিশ্ববিদ্যালয়গুলো, জাপানের বেদান্ত কেন্দ্র, ভারতীয় দূতাবাস এবং জাপান সরকারকে আন্তরিকভাবে আহ্বান জানাচ্ছি।

কারণ আজকের পৃথিবীর প্রয়োজন এমন মহান নেতার, যাঁরা কেবল রাষ্ট্র, প্রতিষ্ঠান বা অর্থনীতির পরিচালক নন—বরং মানবসভ্যতার অধিকতর প্রজ্ঞাবান ও দায়িত্বশীল অভিভাবক।

একশো তেত্রিশ বছর আগে, শিকাগোর বিশ্বধর্ম মহাসভায় যোগ দেওয়ার পথে স্বামী বিবেকানন্দ জাপানে যাত্রাবিরতি করেছিলেন। সেখানে তিনি এমন কিছু দেখতে পেয়েছিলেন, যা তখন বিশ্বের অন্যদের দৃষ্টির আড়ালে থেকে গিয়েছিল।

তিনি উপলব্ধি করেছিলেন—

উদীয়মান সূর্যের দেশ তখনও মানবজাতির উদ্দেশে তার পূর্ণ আলো বিকিরণ করেনি।

এই একই ভাবধারায় আমি আমাদের সবাইকে আরেকটি কথা স্মরণ করিয়ে দিতে চাই।

স্বামীজির মতো একই শহর কলকাতায় জন্মগ্রহণকারী এবং এশিয়ার প্রথম নোবেল পুরস্কারজয়ী রবীন্দ্রনাথ ঠাকুর ১৯৪০ সালে তাঁর "সভ্যতার সংকট" শীর্ষক ভাষণে বলেছিলেন—

"চারদিকে তাকিয়ে আমি আজ এক গর্বিত সভ্যতার ভগ্নস্তূপ দেখতে পাচ্ছি—যেন এক বিশাল নিষ্ফলতার স্তূপ ছড়িয়ে রয়েছে সর্বত্র। তবু মানুষের প্রতি বিশ্বাস হারানোর সেই গুরুতর পাপ আমি করব না। বরং এই মহাবিপর্যয়ের অবসানের পর, যখন সেবা ও আত্মত্যাগের চেতনায় পৃথিবীর পরিবেশ নির্মল হয়ে উঠবে, তখন মানব-ইতিহাসের এক নতুন অধ্যায়ের সূচনার প্রতীক্ষায় থাকব।

সম্ভবত সেই নতুন প্রভাতের আলো উদিত হবে এই দিগন্ত থেকেই—প্রাচ্য থেকে, যেদিকে সূর্যোদয় হয়। এমন এক দিন আসবে, যখন অপরাজিত মানুষ সমস্ত বাধা অতিক্রম করে আবার তার বিজয়যাত্রার পথে ফিরে আসবে এবং পুনরুদ্ধার করবে তার হারিয়ে যাওয়া মানবিক উত্তরাধিকার।"

আমি বিশ্বাস করি, সেই আলো আবার উদিত হচ্ছে।

আমি বিশ্বাস করি, আজ এই কক্ষে , এই বিকেলে , এই দেশে — সেই আলোর বিচ্ছুরণের সূচনাপর্ব শুরু হলো।

"তমসো মা জ্যোতির্গময়"— আমাদের অন্ধকার থেকে আলোর পথে নিয়ে চলো।

হয়তো ইতিহাস একদিন বলবে— আবারও উদীয়মান সূর্যের দেশ থেকেই বিশ্বের জন্য এক নতুন আলোর সূচনা হয়েছিল; যা হয়ে উঠেছিল "নতুন জাগরণের দেশ" বা "উদীয়মান জাগরণের ভূমি"।

ধন্যবাদ।

UNCOVERING THE POWER WITHIN

CULTIVATING GROWTH AT THE GRASS ROOTS

THE BOSTON PLEDGE

日本ヴェーダーンタ協会
(ラーマクリシュナ・ミッション日本支部)
Vedanta Society of Japan
(A Branch of the Ramakrishna Mission)

cygnusadvertising.in

Supported by

INDIAN INSTITUTE OF TECHNOLOGY KHARAGPUR
PARTHA GHOSH SCHOOL OF LEADERSHIP

Partha Ghosh School of Leadership, IIT Kharagpur